

নতুন অধ্যক্ষকে পেটাল ছাত্রলীগ

বরিশাল অফিস

বরিশালে
ব্রজমোহন
কলেজ

ক্যাডার শংকর চক্রকে কিল-চুপি করতে থাকে। এতে তিনি আহত হন। পরে আশপাশের লোকজন গিয়ে তাঁকে উদ্ধার করেন।

শংকর চক্র দত্ত জানান, কলেজে যোগদানের জন্য তিনি কোতোয়ালি মডেল থানায় লিখিতভাবে নিরাপত্তা চেয়েছেন। জেলা প্রশাসককেও

জানিয়েছেন। তার পরও যোগদান করতে যাওয়ার পথে হামলার শিকার হলেন তিনি।

বরিশালের জেলা প্রশাসক মো. শহীদুল আলম বলেন, 'অধ্যক্ষ আমাকে আগের দিন ফোনে জানিয়েছিলেন। তবে তাঁর নিরাপত্তা বা অন্য কোনো সমস্যার কথা বলেননি। তার পরও আমি তাঁকে সাড়ে নয়টায় আমার কার্যালয়ে আসতে বলেছিলাম। কিন্তু তিনি আসেননি।

কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাখাওয়াত অধ্যক্ষের নিরাপত্তা চাওয়ার বিষয়টি অস্বীকার করেন।

মঙ্গলের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি দাবি করেন, 'সাধারণ শিক্ষার্থীরা নবীগোপাল দাসের বদলির বিরুদ্ধে আন্দোলন করছেন। এ ব্যাপারে প্রশাসন কোনো উদ্যোগ নেয়নি। এ অবস্থায় নতুন অধ্যক্ষ যোগ দিতে চাইলে সাধারণ শিক্ষার্থীরাই তাঁকে প্রতিহত করেছেন।

বরিশালে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের নতুন অধ্যক্ষ হিসেবে যোগ দিতে গিয়ে হামলার শিকার হয়েছেন শংকর চক্র দত্ত। গতকাল মঙ্গলবার কলেজের অস্থায়ী ছাত্র কর্মপরিষদ ও ছাত্রলীগের নেতারা এ হামলা চালান বলে অভিযোগ পাওয়া গেছে।

কলেজের আগের অধ্যক্ষ নবীগোপাল দাসের বদলি ঠেকাতে ছাত্র কর্মপরিষদের সহসভাপতি মঈন তুয়ার ও সাধারণ সম্পাদক নাহিদ সেরনিয়াবাদের নেতৃত্বে ১৩ দিন ধরে আন্দোলন চলাচ্ছে। গতকাল এই দুজনের নেতৃত্বেই হামলা চালানো হয় বলে অভিযোগ উঠেছে। মঈন ও নাহিদ কলেজ শাখা ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শংকর চক্র দত্ত নতুন অধ্যক্ষ হিসেবে যোগ দিতে কলেজে আসছেন—এমন খবর পেয়ে মঈন ও নাহিদ কলেজ থেকে প্রায় এক কিলোমিটার দূরে অবস্থান নেন। দুপুর পৌনে ১২টার দিকে ওই পথ দিয়ে শংকর চক্র কলেজের দিকে যাওয়ার সময় তাঁর ওপর হামলা চালানো হয়। এ সময় তিনি পাশের একটি পেটলপাম্পে আশ্রয় নেন। সেখানে গিয়ে মঈন তাঁর সঙ্গে বাণবিতণ্ডা শুরু করেন এবং তাঁকে সেখান থেকে চলে যেতে বলেন। একপর্যায়ে মঈন ও নাহিদের সঙ্গে ঝাকা ২০ থেকে ২৫ জন বহিরাগত



অধ্যক্ষকে
পেটাল
ছাত্রলীগ

বরিশালের ব্রজমোহন কলেজের (বিএম) নতুন নিয়োগ পাওয়া অধ্যক্ষ শংকর চক্র দত্তের ওপর ছাত্রলীগের একদল উচ্চকলেব নেতা-কর্মী হামলা চালান। গতকাল দুপুরে কর্মস্থলে যোগদানের জন্য কলেজে যাওয়ার পথে রিকশা থেকে টেবেরিজিতে নামানো হয় তাঁকে। এ সময় তিনি নিরাপদ আশ্রয়ের সন্ধানে যাওয়ার চেষ্টা করলেও নেতা-কর্মীদের রোয়ানল থেকে বাঁচতে পারেননি। ● ছবি : প্রথম আলো। খবর : পৃষ্ঠা-২১